

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৯.২০১৮-৩৬৩

তারিখঃ ২০.০২.২০২০

বিষয়ঃ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শনো নোটিস

যেহেতু, ডাঃ মোঃ আজিজুর রহমান (৪৩২২০), সহকারী অধ্যাপক, চক্ষু, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্ত পাবনা মেডিকেল কলেজ, পাবনা গত ২৬.১১.২০১৬ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ০৬.০৬.২০১৮ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৯.২০১৮-১৮৯ নং স্মারকমূলে ১ম কারণ-দর্শনোর নোটিস জারি করা হয়;

যেহেতু, আপনি প্রজাতন্ত্রের একজন কর্মচারী হিসেবে গত ২৬.১১.২০১৬ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) উপ-বিধি অনুযায়ী কর্মস্থল ত্যাগের অপরাধ করেছেন।

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শনো নোটিসের জবাব প্রদান করেননি এবং ব্যক্তিগত শুনানী চাননি, এজন্য আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা আপনার নিকট হতে কোন সাড়া পাননি এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি, অন্যান্য কাগজপত্র পর্যালোচনায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনাকে একই বিধিমালা ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী "চাকরি হতে বরখাস্ত" গুরুদস্ত আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালা ৪(৩)(ঘ) মোতাবেক সরকারি "চাকরি হতে বরখাস্ত" করা হবে না, তার কারণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক নোটিস প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এ সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ ০২(দুই) পাতা।


  
(মোঃ আসাদুল ইসলাম)  
সচিব

ডাঃ মোঃ আজিজুর রহমান (৪৩২২০),  
সহকারী অধ্যাপক, চক্ষু, ওএসডি,  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা  
সংযুক্ত পাবনা মেডিকেল কলেজ, পাবনা।  
(স্থায়ী ঠিকানাঃ ডাঃ মোঃ আজিজুর রহমান, গ্রাম- কয়েতপাড়া, পোঃ+ উপজেলা+ জেলা-পঞ্চগড়।)  
নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৯.২০১৮- ৩৬৩/১ (৩২)

তারিখঃ ২০.০২.২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। অধ্যক্ষ, পাবনা মেডিকেল কলেজ, পাবনা
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৪। উপসচিব (পার-১/২/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল।]
- ৭। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পাবনা।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ে ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। অফিস কপি।

  
মোঃ আবদুছ সালিম  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮  
disc@hds.gov.bd